বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangabandhu Sheikh Mujib Medical University
শাহবাগ, ঢাকা-১০০০।

স্মারক নং-বিএসএমএমইউ/২০২৩/১১২৭৭ তারিখঃ৩০/০৮/২০২৩খ্রি.

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ও এর অধীন বিভিন্ন বিভাগ এবং **সুপার স্পেশালাইজড হাসপাতাল (SSH)** এর জন্য নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের কাছ হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বয়স সীমা | বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | **ক. মেডিক্যাল অফিসার (অর্থোপেডিক্স)**<br>১. বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর।<br>২. বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।<br><br>**খ. মেডিক্যাল অফিসার (ডেন্টাল)**<br>ক. বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর।<br>খ. বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। | গ্রেড-০৯<br>২২,০০০-<br>৫৩,০৬০/- | ০৪<br><br><br><br>০৪ | **ক. শিক্ষাগত যোগ্যতাঃ** বিএমডিসি কর্তৃক স্বীকৃত এমবিবিএস বা সমমান ডিগ্রি।<br>বিএমডিসি কর্তৃক স্থায়ী রেজিস্ট্রেশন প্রাপ্ত। বিভাগীয় প্রার্থী ও বিএসএমএমইউ থেকে প্রাপ্ত পোস্টগ্রাজুয়েট ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**খ. শিক্ষাগত যোগ্যতাঃ** বিএমডিসি কর্তৃক স্বীকৃত বিডিএস বা সমমান ডিগ্রি। বিএমডিসি কর্তৃক স্থায়ী রেজিস্ট্রেশন প্রাপ্ত। বিভাগীয় প্রার্থী ও বিএসএমএমইউ থেকে প্রাপ্ত পোস্টগ্রাজুয়েট ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**নিম্নলিখিত বিষয় সমূহ ক ও খ এর প্রার্থীদের অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য করা হবেঃ**<br>(১) অভিজ্ঞতা, (২) মেধাতালিকায় স্থান, (৩) বিভিন্ন বিষয়ে অনার্স নম্বর, (৪) পরীক্ষায় নিয়মিত পাশ।<br>**যোগদান পরবর্তী প্রনিধানযোগ্য বিষয় সমূহঃ** ১. SSH-এ দৈনিক রোস্টার ডিউটি করতে হবে। ২. SSH কর্তৃক নির্ধারিতব্য অন্যান্য সকল সুবিধাদি প্রাপ্ত হবেন। |
| ২. | পারফিউশনিস্ট<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | গ্রেড-০৯<br>২২,০০০-<br>৫৩,০৬০/- | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/ সমমানসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জীব বিদ্যা/ পদার্থ বিদ্যা স্নাতক (সম্মান)সহ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন মেডিক্যাল পারফিউশন/এমবিবিএস ডিগ্রি প্রাপ্ত হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | **সহকারী প্রকৌশলী (বায়োমেডিক্যাল)**<br>ক) বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ) মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | গ্রেড-০৯<br>২২,০০০-<br>৫৩,০৬০/- | ০২ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/ বিভাগ/ সমমানসহ পাবলিক প্রতিষ্ঠান হতে ইলেক্ট্রো মেডিক্যাল/ বায়োমেডিক্যাল বিষয়ে স্নাতক ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** ক) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪. | **প্রভাষক (ইপিডেমিওলজি-১, রিপ্রোডাক্টিভ এন্ড চাইল্ড হেল্‌থ-১, পাবলিক হেল্‌থ এন্ড ইনফরমেটিকস-১, মেডিক্যাল স্ট্যাটিটিকস-১)**<br><br>ক. বয়স অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বৎসর। | গ্রেড-০৯<br>২২,০০০-<br>৫৩,০৬০/- | ০৪ | **শিক্ষাগত যোগ্যতাঃ** ক. এমবিবিএস/বিডিএস/ সমমানের ডিগ্রি যা বিএমডিসি/বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হতে হবে। খ. সংশ্লিষ্ট বিষয়ে এমপিএইচ/এমফিল অথবা সমমানের পাবলিক হেল্‌থ বিষয়ক ডিগ্রি যা অবশ্যই বিএমডিসি/ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হতে হবে।<br>গ. মেডিক্যাল স্ট্যাটিস্টিকস পদের জন্য এমপিএইচ/এমফিল অথবা সমমানের পাবলিক হেল্‌থ বিষয়ক ডিগ্রি যা অবশ্যই বিএমডিসি এবং বিএসএমএমইউ এর একাডেমিক কাউন্সিল দ্বারা স্বীকৃত হতে হবে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্ট্যাটিস্টিকস বিষয়ে মার্স্টাস/সমমানের ডিগ্রি থাকতে হবে। এই ক্ষেত্রে 'ক' এর শর্তাবলী অবশ্যই পূরণীয়। ঘ. পিএইচডি অথবা জার্নালে প্রকাশিত আর্টিক্যাল অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে। ঙ. অন্যান্য নিয়মাবলী অন্যান্য অনুষদের শিক্ষক নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য।<br>**অভিজ্ঞতাঃ** ক) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৫. | সেকশন অফিসার<br>ক. বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ. মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | গ্রেড-০৯<br>২২,০০০-<br>৫৩,০৬০/- | ০১ | **শিক্ষাগত যোগ্যতাঃ** সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ বা সমমানসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কলা/ বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ বাণিজ্যে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএমডিসি কর্তৃক স্বীকৃত এমবিবিএস/বিডিএস ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** ক) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৬. | মেডিক্যাল ফিজিসিস্ট<br>ক. বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর।<br>খ. মুক্তিযোদ্ধা পোষ্য ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর। | গ্রেড-০৯<br>২২,০০০-<br>৫৩,০৬০/- | ০৩ | **শিক্ষাগত যোগ্যতাঃ** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.এসসি ইন মেডিক্যাল ফিজিক্স/ এম.এসসি ইন মেডিক্যাল ফিজিক্স এন্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং/ এম.এসসি ইন হেল্‌থ ফিজিক্স ডিগ্রি।<br>**অভিজ্ঞতাঃ** ক) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

শর্তাবলীঃ

১. আবেদনপ্রত্র পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmmu.ac.bd) হতে পাওয়া যাবে।

২. ১৩/০৯/২০২৩ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স আবেদিত পদের বিপরীতে উল্লেখিত অনূর্ধ্ব বয়সের মধ্যে হতে হবে।

৩. আগ্রহী প্রার্থীগণ সর্বশেষ ১৩/০৯/২০২৩খ্রি. তারিখ বেলা ২.৩০ ঘটিকার মধ্যে অনলাইনে (**www.bsmmu.ac.bd**) আবেদন করতে পারবেন।

৪. প্রার্থীগণকে পরীক্ষার ফি পূবালী ব্যাংক লিমিটেডের যেকোন অনলাইন শাখায় রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়- এর অনুকূলে পূবালী ব্যাংক লি., ঢাকার শাহবাগ এভিনিউ শাখা, ঢাকার একাউন্ট নম্বর STD- ৪৩০ এর বিপরীতে আগামী ০৩/০৯/২০২৩খ্রি. তারিখ থেকে ১২/০৯/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে আবেদনকারীদের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা জমা দিয়ে রশিদের কপি সংগ্রহ করতে হবে। টাকা জমা দেয়ার পরবর্তী কর্মদিবসে ব্যাংক থেকে প্রদানকৃত ব্যাচ এবং স্ক্রল নাম্বার ব্যবহার করে অনলাইনে আবেদনপত্র দাখিল করা যাবে।

৫. অনলাইনে আবেদন করার সময় প্রার্থীর আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে যে সমস্ত তথ্য Upload করতে হবে।
৫.১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (২৪০x২৪০ পিক্সেল); ৫.২. প্রার্থীর স্বাক্ষরের ছবি (৩০০x৮০ পিক্সেল); ৫.৩. টাকা জমার ব্যাংক রশিদের কপি।

৬. আবেদন করার সময়ে প্রদত্ত Tracking Number এবং প্রার্থীর নির্বাচিত Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে Admit Card প্রিন্ট করাসহ আবেদনপত্র সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনে এই Tracking Number এবং Password ব্যবহার করতে হবে।

৭. প্রার্থীগণ তার মোবাইল ফোনে প্রাপ্ত Tracking Number এবং Password ব্যবহার করে Admit Card প্রিন্ট করে নিতে পারবেন। Admit Card উত্তোলন, লিখিত ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকেই কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে।

৯. প্রার্থীদের প্রাথমিক ভাবে কোন সনদপত্র Upload বা দাখিল করতে হবে না, তবে মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত সনদপত্রসমূহের মূলকপি দেখাতে হবে এবং একসেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে।
৯.১. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ৯.২. সকল রেজিস্ট্রেশন সনদ; ৯.৩. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
৯.৪. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

১০. প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন, অধিক পদে আবেদন গ্রহণযোগ্য নয়। নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪. স্মারক নং-বিএসএমএমইউ/২০২৩/৯২৯৩, তারিখ- ২৬/০৬/২০২৩খ্রি. মোতাবেক ইতোপূর্বে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে মেডিক্যাল অফিসার (অর্থোপেডিক্স) ও পারফিউশনিস্ট পদে যারা আবেদন করেছেন তাদের অত্র বিজ্ঞপ্তির আলোকে আবেদন করার প্রয়োজন নেই।

১৫. নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসংগতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে তাঁর নির্বাচন বা নিয়োগ যে কোনো সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

30.08.23

(অধ্যাপক মোহাম্মদ হাফিজুর রহমান)
রেজিস্ট্রার